

তাহজিব ইনসিটিউট

বিশুদ্ধ দ্বীনি জ্ঞানার্জনের উন্মুক্ত প্লাটফর্ম

www.tahzibinstitute.com

শিরোনাম	ক্লাস সংখ্যা	মেয়াদ	কোর্স আউটকাম	ফি
বেসিক কুরআন তাজভিদ (Basic Quran Tajweed)	সর্বমোট ২০ টি	৫ মাস	<ul style="list-style-type: none">✓ আলিফ বা তা থেকে শুরু করে ধীরে ধীরে তাজভিদের বেসিক নিয়মসমূহ আত্মস্থকরণ✓ জেনারেলপতুয়াদের জন্য সহজ ও বোধগম্যভাবে উপস্থাপন✓ পরিত্র কুরআন থেকে সরাসরি উদাহরণসহ নিয়ম প্রয়োগ✓ শেষ দশটি সূরার মাশক (অনুশীলন)✓ সালাতের মধ্যে পঠিত সকল দুআ বিশুদ্ধভাবে পঠন✓ কুরআন কারিম রিডিং পড়ার জন্য একটি কোর্সই যথেষ্ট ইন শা আল্লাহ	সম্পূর্ণ ফ্রি

তাহজিব ইনসিটিউট আয়োজিত বিশুদ্ধ কুরআন শিক্ষা (তাজভিদ) কোর্সের মডিউল

দারস	বিষয়	বিবরণ
ওরিয়েন্টেশন প্রোগ্রাম		
১.	আরবী হরফের উচ্চারণ	আরবী হরফ উচ্চারণ
২.	আরবী হরফের পরিচয়	আরবী ২৯টি হরফের শুন্দ উচ্চারণ পূর্ণাঙ্গ
৩.	আরবি বর্ণের সংক্ষিপ্তরূপ ও যুক্তবর্ণ	আরবি হরফের মাথার ও যুক্ত হরফের পরিচয়
৪.	হরকত (যবর, যের, পেশ)	হারকাতের পরিচয় ও ২৯ টি বর্ণ দিয়ে অনুশীলন
৫.	তানবীন (দুই যবর, দুই যের ও পেশ)	তানবীনের পরিচয়, ব্যবহার ও ২৯ টি বর্ণ দিয়ে অনুশীলন
৬.	যজম ও কুলকুলা	জ্যম ও কুলকুলার পরিচয় ও অনুশীলন
৭.	তাশদিদ ও ওয়াজিব গুন্নাহ	তাশদিদ ও ওয়াজিব গুন্নাহ পরিচয় ও অনুশীলন
৮.	মাদ (দীর্ঘ করে পড়া)	মদের পরিচয়, মদের হরকাত ও ১ আলিফ মদের পরিচয় ও মশক
৯.	১ আলিফ মদ (১ সেকেন্ড দীর্ঘ)	মদে লীন ও মদে এওয়াজ পরিচয় ও মশক
১০.	৩ আলিফ মদ (৩ সেকেন্ড দীর্ঘ)	মদে আরজী, মদে মুনফাসিল পরিচয় ও মশক
১১.	৪ আলিফ মদ (৪ সেকেন্ড দীর্ঘ)	পরিচয় ও মশক
১২.	(গুন্নাহ) ইদগাম	ইদগাম বিল গুন্নাহ ও বিলা গুন্নাহ
১৩.	(গুন্নাহ) ইজহার ও ইখফা	ইজহারে হাকিকি, ইখফা হাকিকি ও ইখফা মতুলক

১৪.	(গুলাহ) মীম সাকিনের নিয়ম	মিম সাকিনের পর ‘বা’ ও ‘মিম’ এর নিয়ম ও বা-মিম ছাড়া নিয়ম
১৫.	‘র’ মোটা ও চিকন করে পড়ার নিয়ম ও অনুশীলন	সুরা ফালাক ও নাস মাশক
১৬.	‘আল্লাহ’ শব্দ পড়ার নিয়ম	সুরা ফাতিহা ও সুরা ইখলাস মশক
১৭.	মশকু ও অনুশীলন	সুরা নাসর ও লাহার
১৮.	সালাতের মধ্যে পঠিতব্য দুআসমূহ	সুরা কাফিরুন, সানা, রংকুর তাসবিহ, সিজদার তাসবিহ আভাহিয়্যাতু, দরবদ শরীফ ও দোয়া মাচুরা
১৯.	মশক ও অনুশীলন	সুরা কাউচার, সুরা মাউন ও সুরা কুরাইশ
২০.	মশক ও অনুশীলন	সুরা ফিল ও রিভিউ ক্লাস
পরীক্ষা (MCQ পদ্ধতিতে ওয়েব সাইটে) বিদ্যায় অনুষ্ঠান (রেজাল্ট ঘোষণা ও নসীহাহ)		

কোর্সটি কাদের জন্য?

যারা বিশুদ্ধভাবে কুরআন পড়তে পারেন না, দেশ বিদেশ থেকে বাংলা ভাষাভাষী যে কেউ বিশেষত কলেজ/ইউনিভার্সিটি পড়য়া জেনারেল ব্যাকগ্রাউন্ডের ভাই/বোনদের জন্য কোর্সটি সাজানো হয়েছে। যেখানে মাত্র ২০ টি লাইভ ক্লাসে কুরআন রিডিং পড়ার সকল নিয়ম শেখানো হবে ইন শা আল্লাহ।

কে পড়াবেন?

পবিত্র মদীনাতুল মুনাওয়ারা থেকে উত্তাপ্য ফজলে রাববি সরাসরি লাইভ ক্লাসে পড়াবেন। যিনি বাংলাদেশে হাফেজ ও দাওয়ায়ে হাদীস সম্পন্ন করেছেন। বর্তমানে বিশ্বখ্যাত ইসলামি বিদ্যাপিঠ মদীনা ইসলামি বিশ্ববিদ্যালয়ে আক্রিদা ও দাওয়াহ বিভাগে উচ্চতর পড়াশুনা করছেন। দীর্ঘদিন থেকেই তিনি অনলাইন অফলাইনে পাঠদান করে আসছেন।

কোর্স ফি

কোর্সটি সম্পূর্ণ ফ্রি। বিশেষ করে শিক্ষার্থী ও জেনারেলপড়ুয়া ভাই-বোনদের দিকে লক্ষ্য রেখে কোর্সটি সাজানো হয়েছে। কোনো ফি নেই, কোর্সটি সম্পূর্ণ ফ্রি। তবে আমাদের পূর্বের অভিজ্ঞতা হলো, ফ্রি হওয়ার কারণে এর মূল্য থাকে না। ফ্রিতে যত ভাল কিছু দেয়া হোক, সেটার গুরুত্ব আমাদের কাছে কম। এজন্য আমরা দীনি জ্ঞানার্জনে আগ্রহী, পূর্ণ ডেডিকেটেড শিক্ষার্থীদের অংশগ্রহণ কামনা করছি। যারা শেষ পর্যন্ত থাকবেন, ক্লাস, এ্যাসাইনমেন্ট ও পরীক্ষায় অংশগ্রহণ করবেন এবং সর্বপরি ইসলামকে মনেপ্রাণে জানা ও আমল করার ব্যাপারে বদ্ধপরিকর তাদের জন্যই আমাদের এই ত্যাগ ও প্রচেষ্টা। আল্লাহ সুব. সবাইকে কবুল করুন।

ক্লাসের সময় ও মোট ব্যাপ্তি

কোর্সের মোট ব্যাপ্তি ৫ মাস। সপ্তাহে একটি দারস। প্রতি শুক্রবার বাংলাদেশ সময় সংক্ষ্যা ৭:০০ টা (মাগরিব পর)। এছাড়া প্রতি শনিবার একই সময়ে ‘বেসিক ইসলাম শিক্ষা কোর্সের’ ক্লাস চলবে। কেউ চাইলে দুটি কোর্সই একসাথে করতে পারবেন। প্রতিটি ক্লাস সর্বোচ্চ ১ ঘণ্টা করে।

পরীক্ষা পদ্ধতি

পুরো কোর্স চলাকালে বিষয়বস্তুর সাথে ইন্টেন্সিভলি লেগে থাকার জন্য মিডটার্ম ও ফাইনাল দু ধাপে পরীক্ষা হবে। মোট ১০০ নাম্বারের মধ্যে ৪০ নাম্বার থাকবে (দুটি পরীক্ষা, এ্যাসাইনমেন্ট, উপস্থিতি ইত্যাদির উপর), আর ফাইনাল ৬০ নাম্বার এমসিকিউ পরীক্ষার উপর থাকবে। নিয়মিত উপস্থিতি ও ভাল ফলাফলকারীদের জন্য থাকবে হাদিয়া ও পুরস্কার।

ক্লাসের মাধ্যম

তাহায়িব ইনসিটিউটের নিজস্ব জুম এড্রেসের মাধ্যমে। জুমের তথ্য মেইল ও ওয়েব সাইটের ড্যাশবোর্ডের এ্যাসাউন্স সেকশনে প্রদান করা হবে ইন শা আল্লাহ।

একনজরে ক্লাসের বিশেষত্ব

- ✓ কুরআন রিডিংয়ের সকল বেসিক নিয়ম আত্মস্করণ
- ✓ জেনারেলপড়ুয়া ভাই/বোনদেরকে টার্গেট করে সহজভাবে উপস্থাপন
- ✓ সকল ক্লাস লাইভ
- ✓ কোর্সটি সম্পূর্ণ ফ্রি
- ✓ বিশেষজ্ঞ উস্তায় ক্লাস পরিচালনা করবেন (উস্তায় ফজলে রাববি, মদীনা ইউনিভার্সিটি)
- ✓ ক্লাসের রেকর্ড, স্লাইড ও শিট প্রদান করা হবে
- ✓ তাহায়িব দীনি কমিউনিটিতে যুক্ত থাকার সুযোগ

রেজিস্ট্রেশন পদ্ধতি:

নিয়মিত ক্লাসের করার যে কেউ রেজিস্ট্রেশন করতে পারবে। ওয়েব সাইটে নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।